দৈনিক বাংলা

20 MAY 199

তারিখ ... 21 MAY 1990 পৃষ্ঠা ... 7 ... কলাম 9 ...

127

# ছাত্রী মিছিলে হামলা সম্পর্কে যথাসময়ে ব্যবস্থা ঃ সিন্ডিকেট

ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক সভা রোববার বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। ছাত্রী মিছিলে হামলার বিষয়

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## ছাত্রী মিছিলে হামলা

(প্রথম পৃঃ পর)

সভায় আলোচনা হয়।

সভায় বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভিসি গত ১৫ই মে এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে ১৯৮৯ সালে অনুষ্ঠিত ডাকসু নির্বাচনের পরদিন অর্থাৎ ৯ই ফেব্রুয়ারী ছাত্রী মিছিলে যে হামলা হয় সে বিষয়ে ২০শে মে সিন্ডিকেট সভার পর বিশ্ববিদ্যালয়ের অবস্থান সকলকে জানানো হবে বলে প্রতিশ্রুতি দিয়েছিলেন। এ পরিপ্রেক্ষিতে সিন্ডিকেটের গতকালের সভায় সে বিষয়টি নিয়ে বিস্তারিত আলাপ-আলোনা হয়। সিন্ডিকেট লক্ষ্য করে যে যদিও ৯ই ফেব্রুয়ারী সংঘটিত ঘটনার পর প্রায় ১৫ মাস অতিবাহিত হয়েছে কিন্তু তবুও এ বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হয়নি।

এছাড়া একটি তদন্ত কমিটি প্রাথমিকভাবে যে সমস্ত ব্যক্তিকে সন্ত্রাসী কার্যকলাপের জন্য চিহ্নিত করেছে, তাদের বিরুদ্ধে শাস্তিবিধানের আগে দোষী ব্যক্তিদের দোষ প্রমাণ হওয়া প্রয়োজন, যাতে প্রশাসনিক নিরপেক্ষতা সম্পর্কে কোনরূপ প্রশ্ন উঠতে না পারে। তদন্ত কমিটির রিপোর্টের ভিত্তিতে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার পূর্বে কতগুলি নির্ধারিত আইনানুগ পদ্ধতিও রয়েছে।

সভায় বলা হয়, সিন্ডিকেট লক্ষ্য করছে যে এ বিষয়ে এখনও সবগুলি পদক্ষেপ গ্রহণ করা হয়নি। তাছাড়া, সমস্ত আইনানুগ পদ্ধতি যথাযথভাবে গ্রহণ করতে আরো কিছু সময়ে প্রয়োজন। এরপরও সিন্ডিকেট সংশ্লিষ্ট সকল মহলকে দ্ব্যর্থহীন ভাষায় জানাতে চায় যে বিষয়টি যথাযথ দিয়ে বিচার-বিবেচনা করা হচ্ছে এবং যথাসময়ে প্রয়োজনীয় যে কোন ব্যবস্থা গ্রহণ করতে সিন্ডিকেট কখনও দ্বিধাবোধ করবে না। সিন্ডিকেট আশা করে যে আসন্ন নির্বাচনের জন্য অনুকূল পরিবেশ সংরক্ষণে সকল মহল সহযোগিতা করবে। খবর প্রেস বিজ্ঞপ্তির।